হাজিরহাট-মাতাব্বরহাট-কাদিরপন্ডিতেরহাট সড়কটি বিচ্ছিন্ন হয়ে গেছে। ফলে টহল পুলিশ ঐ রাস্তা দিয়ে যাতায়াত করতে পারেনা। এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত ঃ গ্রেপ্তারী পরোয়ানা তামিলে সাফল্য আসায় সভাপতি সভার পক্ষ থেকে অফিসার ইন চার্জ, কমলনগর থানাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। রাত্রিকালীন টহল অব্যাহত রাখাসহ করণীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে এবং সংশ্লিষ্ট সকলকে সক্রিয় থেকে সহযোগিতা করতে অনুরোধ করা হয়। আগামী দিনগুলোতে ও রাত্রীকালীন রাস্তায় অভিযান অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়; যাতে মদ, জুয়াখেলা, মাদকদ্রব্য ও গাঁজার, কার্যক্রম না চলে সকলকে সেদিকে সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। (বাস্তবায়ন ঃ অফিসার ইন চার্জ কমলনগর থানা/সংশ্লিষ্ট চেয়ারম্যান সকল)।

খ) চেয়ারম্যান, চর কালকিনি বলেন, তাঁর এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। কোন প্রকার অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। তিনি বলেন, মেঘনার ভাঙ্গনসহ প্রবল জোয়ারের কারণে এলাকার বিস্তীর্ণ এলাকার যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন রয়েছে। ফলে চৌকিদার/দফাদাররা রাত্রিকালীন পাহারা দিতে অসুবিধার সৃষ্টি হচ্ছে।

সিদ্ধান্ত ঃ এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমান সময়ের ন্যায় অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান চর কালকিনি ইউপিকে অনুরোধ করা হয়।

গ) চেয়ারম্যান, হাজিরহাট বলেন, তাঁর এলাকার আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে আছে। আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রনে রাখার ব্যাপারে পূর্বে যেরকম ব্যবস্থা নেয়া হয়েছিল সামনের দিনগুলোতেও সেরকম ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত ঃ তার এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি বর্তমান সময়ের ন্যায় অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান হাজিরহাটকে অনুরোধ করা হয়।

ঘ) চেয়ারম্যান, চর মার্টিন এর প্রতিনিধি বলেন, মেঘনার প্রবল জোয়ারের কারণে চর কালকিনি ইউনিয়নের সাথে চর মার্টিন ইউনিয়ন ইউনিয়নের যোগাযোগ বিচ্ছিন্ন রয়েছে। ফলে যেকোন সময় আইন শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটতে পারে। এবিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

সিদ্ধান্ত ঃ ইউনিয়নে কর্মরত চৌকিদার/দফাদাররা যাতে নিয়মিত রাত্রিকালীন পাহারা অব্যাহত রাখে সেবিষয়ে তীক্ষ্ন নজর রাখার জন্য চেয়ারম্যান চর মার্টিনকে অনুরোধ করে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

ঙ) চেয়ারম্যান, চর ফলকন বলেন, প্রতি বছর ঈদকে সামনে রেখে জুয়াড়িরা বিভিন্ন জায়গায় জুয়ার আসর বসিয়ে থাকে। এসব জুয়াড়িদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতির দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত ঃ ঈদকে সামনে রেখে যাতে কেউ জুয়ার আসর বসাতে না পারে এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অফিসার ইন চার্জ, কমলনগর থানাকে অনুরোধ জানানো হয়। পাশাপাশি ঈদ উপলক্ষ্যে কেউ যাতে মদ জুয়ার আসর বসাতে না পারে সেজন্য বিগত বছরের ন্যায় মাইকিং এর মাধ্যমে প্রচার অব্যাহত রাখার জন্য ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ জানানো হয়।

চ) চেয়ারম্যান পাটারীরহাট বলেন, প্রতি বছর ঈদের পূর্ববর্তী ৪/৫ দিন তোরাবগঞ্জ বাজারের উত্তর পাশে সদর উপজেলাধীন সুতার গোপটা নামক স্থানে নাইট কোচ ডাকাতি হয়ে থাকে। উক্ত স্থানে ঈদ পূর্ববর্তী ৪/৫ দিন যাত্রীদের নিরাপদে ঘরে ফেরা নিশ্চিত করতে পুলিশি টহল জোরদার করার বিষয়ে তিনি সভাপতির হস্তক্ষেপ কামনা করেন।

সিদ্ধান্ত ঃ সুতার গোপটা নামক স্থানটি সদর উপজেলার অধিক্ষেত্র হওয়ায় উল্লেখিত স্থানে পুলিশি টহল বৃদ্ধির জন্য জেলা প্রশাসক ও পুলিশ সুপার বরাবরে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

ছ) সভাপতি, প্রেসক্লাব বলেন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে রোগীদের অত্যন্ত নিম্নমানের খাবার পরিবেশন করা হয়। রোগীদেরকে যাতে উন্নতমানের খাবার পরিবেশন করা হয় সেবিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন, উপজেলা হাটবাজার, পথে ঘাটে তথা যত্রতত্র পেট্রোল বিক্রী করা হচ্ছে। ফলে যেকোন মুহূর্তে বড় ধরনের দূর্ঘটনা ঘটতে পারে। এবিষয়ে যথাযথ ধারায় মোবাইল কোর্ট পরিচালনা করে দুর্ঘটনার হাত থেকে জনগণকে রক্ষা করার জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। তিনি আরো বলেন, কমিউনিটি ক্লিনিকের ঔষধগুলো অযত্নে রাখায় ঔষধের মান যথাযথভাবে থাকেনা। এবিষয়েও তিনি সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। এছাড়া চর কাদিরা ইউনিয়নে অবাধে রাস্তার সরকারী গাছপালা কেটে দুর্বৃত্তরা বাড়িঘর নির্মান করছে। ফলে পরিবেশের উপর মারাত্মক হুমকিসহ সরকারী সম্পদ বিনাশ করা হচ্ছে। এবিষয়েও তিনি সভাপতির মাধ্যমে বন বিভাগের দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে সরবরাহকৃত খাবারের মান সমুন্নত রাখার জন্য এবং কমিউনিটি ক্লিনিকের ঔষধগুলো নিরাপদে সংরক্ষণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। বন বিভাগের, থানায় বা কোর্টে দায়েরকৃত মামলায় যাতে কেউ অযথা হয়রানির শিকার না হয় সেবিষয়ে সজাগ দৃষ্টি রাখার জন্য অফিসার ইন চার্জ কমলনগর থানাকে অনুরোধ করা হয়। সরকারী গাছ উপকারভোগীদের সহায়তায় বিভাগীয় কার্যক্রম জোরদার করার মাধ্যমে গাছ কর্তনকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য রেঞ্জার, বন বিভাগকে অনুরোধ করা হয়।

জ) অধ্যক্ষ, হাজিরহাট উপকূল কলেজ বলেন, করুনানগর বাজারে কতিপয় ভূমিদস্যু কর্তৃক সংখ্যালঘুদের ওপর তাদের ভূমি থেকে উচ্ছেদের জন্য হামলা হয়েছে। এবিষয়ে তিনি কার্যকর পদক্ষেপ গ্রহনের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। চর লরেঞ্চ বাজারে সরকারি খাল দখল করে কৃত্রিমভাবে জলাবদ্ধতার সৃষ্টি করা হয়েছে। এবিষয়ে ও তিনি সভাপতির দৃষ্টি আকর্ষন করেন।

সিদ্ধান্ত ঃ সংখ্যালঘু পরিবারের উপর হামলার বিষয়ে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ কমলনগর থানা অনুরোধ করা হয়। জলাবদ্ধতার বিষয়টি চেয়ারম্যান, চর লরেঞ্চ স্থানীয়দেরকে নিয়ে বসে সিদ্ধান্ত নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

ঝ) চেয়ারম্যান, কমলনগর উপজেলা পরিষদ বলেন, দেশের অন্যান্য অঞ্চলের তুলনায় কমলনগর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সন্তোষজনক। তিনি আসন্ন ইদুল ফিতর উপলক্ষে যাতে কেউ কোথাও জুয়ার আসর বসাতে না পারে সেদিকে তীক্ষ্ন নজর দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানান। ঈদ উপলক্ষে নাড়ির টানে ছুটে আসা মানুষ যাতে নিরাপদে ঘরে ফিরতে পারে সেজন্য পুলিশি টহল বৃদ্ধি করার জন্য তিনি অফিসার ইন চার্জ কমলনগর থানাকে অনুরোধ করেন। কমলনগর উপজেলায় দুর্নীতি প্রতিরোধে এবং সার্বিক আইন শৃঙ্খলা রক্ষার্থে সকলকে এগিয়ে আসার আহবান জানান।

আসন্ন ইদুল ফিতর উপলক্ষে যাতে উপজেলার কোন এলাকায় মদ, জুয়া গাজার আসর না বসে এবং ঈদ পূর্ববর্তী কোন প্রকার অপ্রীতিকর ঘটনা না ঘটে সেদিকে নজর দেয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। মদ, জুয়ার বিরুদ্ধে এলাকায় ব্যাপক মাইকিং করা জন্য চেয়ারম্যান সকলকে অনুরোধ করেন।